দৈনিক সংবাদ

30 SEP 1988
তারিখ ... ৭ ।
পৃষ্ঠা ... কলাম ...

⑥

097

## গফরগাঁও কলেজের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ করুন

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহের ১৯৮৭ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার ফলাফল প্রকাশ হয়েছে আজ অনেক দিন। কিন্তু অজ্ঞাত কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গফরগাঁও সরকারী কলেজের ফলাফল স্থগিত রেখেছেন। তদন্ত সাপেক্ষে ফলাফল প্রকাশ করা হবে—এ শর্তে দীর্ঘদিন যাবৎ এক হাজার পরীক্ষার্থীকে অযথা হয়রানি করা হচ্ছে। ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের অজ্ঞাত যে সকল কারণে ফলাফল স্থগিত রাখা হল সেজন্য কি এই এক হাজার পরীক্ষার্থীর সকলেই দায়ী? ইতিপূর্বে কিছু পরীক্ষার্থীর বিরুদ্ধে 'কারণ দর্শানোর' নোটিশ জারি করা হয়েছে। ফলাফল প্রকাশে তাদের ক্ষেত্রে তদন্তের শর্ত আসতে পারে, কিন্তু সবার ফলাফল স্থগিত রাখা মানে উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে চাপানোর শামিল। গফরগাঁও কলেজের ফলাফল প্রত্যাশী শত শত ছাত্র ও অভিভাবককে প্রত্যহ মলিন বদনে 'প্রশাসনিক ভবন' সিঁড়িতে কিংবা বারান্দায় দেখে মনে হয় ওদের কেউ নেই। কর্তৃপক্ষের নিকট আবেদন, ফলাফল প্রকাশ করে ওদের হতাশামুক্ত করুন।

আব্দুস সামাদ আকন্দ,
সূর্যসেন হল,
ঢাকা বিশ্ববিদ্যালয়।